

বানিয়াচংয়ে এইচএসসি পরীক্ষার্থীদের কাছ থেকে অতিরিক্ত অর্থ আদায়ের অভিযোগ পাওয়া গেছে। উপজেলার সুফিয়া মতিন মহিলা কলেজের অধ্যক্ষ সুলতান আহমেদ ভূঁইয়ার বিরুদ্ধে উপজেলা নির্বাহী কর্মকর্তার কাছে শিক্ষার্থীরা সশরীরে হাজির হয়ে এ অভিযোগ জানান। ওই অধ্যক্ষ অতিরিক্ত ক্লাসের জন্য ১ হাজার টাকা করে অর্থ আদায়ের জন্য পরীক্ষার্থীদের প্রবেশপত্র আটকিয়ে রাখেন। এই বিষয়টি মানতে না পেরে শিক্ষার্থীরা অভিযোগ জানান। এ ব্যাপারে বানিয়াচং উপজেলা নির্বাহী অফিসার ও প্রতিষ্ঠানটির ম্যানেজিং কমিটির সভাপতি পদ্মাসন সিংহ শিক্ষার্থীদের কাছ থেকে মৌখিক অভিযোগ পেয়ে তাৎক্ষণিকভাবে তাদের হাতে প্রবেশপত্র তুলে দেওয়ার জন্য অধ্যক্ষকে নির্দেশ প্রদান করেন। উপজেলা নির্বাহী কর্মকর্তার নির্দেশ পেয়েও অধ্যক্ষ পরীক্ষার্থীদের হাতে প্রবেশপত্র তুলে দেন নাই।

advertisement 3

আগামী ৬ নভেম্বর এইচএসসি পরীক্ষা অনুষ্ঠিত হবে। বানিয়াচং উপজেলার সুফিয়া মতিন মহিলা কলেজ থেকে এইচএসসি পরীক্ষায় অংশ নিবেন ৩৩৩ জন শিক্ষার্থী। পরীক্ষায় অংশগ্রহণকারী শিক্ষার্থীদের কাছ থেকে ২০২২ সালের ডিসেম্বর মাসের বেতন পর্যন্ত আদায় করা হয়েছে।

advertisement 4

যারা অতিরিক্ত ১ হাজার টাকা না দিতে পারবে তারা প্রবেশপত্র পাবেন না বলে অধ্যক্ষ সুলতান আহমেদ ভূঁইয়া নির্দেশ প্রদান করেছেন। ম্যানেজিং কমিটির সভাপতি হিসেবে উপজেলা নির্বাহী অফিসারকে অবহিত না করেই অধ্যক্ষ এ রকম সিদ্ধান্ত নিয়েছেন বলেও জানা যায়।

নাম প্রকাশ না করার শর্তে কয়েকজন শিক্ষার্থী জানান, আমাদের পরিবারের লোকজন ঠিকমতো খাবারই পায় না। অতিরিক্ত ১ হাজার টাকা আমি কিভাবে দিব আমাদের জানা নাই। আমাদের তো ক্লাস বন্ধ রয়েছে আগস্ট মাস থেকে। আমাদের কোনো রকম অতিরিক্ত ক্লাস করানো হয় নাই। এ ব্যাপারে সুফিয়া মতিন মহিলা কলেজের অধ্যক্ষ সুলতান আহমেদ ভূঁইয়ার সঙ্গে মুঠোফোনে যোগাযোগ করার জন্য বারবার ফোন দিলেও তিনি ফোন রিসিভ করেন নাই।

এ ব্যাপারে উপজেলা নির্বাহী কর্মকর্তা ও ম্যানেজিং কমিটির সভাপতি পদ্মাসন সিংহ বলেন, এ বিষয়টি পরীক্ষার্থীরা আমাদের জানিয়েছেন। আমি অধ্যক্ষকে কোনো টাকা ছাড়াই প্রবেশপত্র দেওয়ার জন্য নির্দেশ দিয়েছি।